

## الرَّحْمَنُ

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুল্হ

বিসমিল্লাহির রহমানির রহিম

আল্লাহর সুন্দরতম ৯৯ নাম আসমাউল হুসনার ২য় নাম الرَّحْمَنُ ‘আল রহমান’ আজকের আলোচনার বিষয়। আরবি ভাষায় ‘الرَّحْمَنُ’ শব্দের মূল ر-ح-م, এই মূল শব্দ থেকে যে সকল শব্দ বের হয়েছে তা পবিত্র কোরআন মাজিদে ২২০ বার এসেছে। কিন্তু ‘রহমান’ শব্দটি ৫৭ বার এসেছে। ‘আল রহমান’ শব্দের অর্থ ‘পরম করুণাময়’।

### তেলাওয়াত:

الَّذِي خَلَقَ سَبْعَ سَمَاوَاتٍ طِبَاقًا  
مَا تَرَى فِي خَلْقِ الرَّحْمَنِ مِنْ تَفَؤُتٍ  
فَأَرْجِعِ الْبَصَرَ  
هَلْ تَرَى مِنْ فُطُورٍ (৬৭: ৩)

যিনি সাত আসমান স্তরে স্তরে সৃষ্টি করেছেন।

দয়াময় রহমানের সৃষ্টিতে কোন খুঁত তুমি দেখতে পাবে না।

আবার তাকিয়ে দেখো,

দেখতে পাও কি কোন খুঁত?

সূরা আল মুলক ৩ নং আয়াত।

আস্তিক-নাস্তিক সহ সমস্ত সৃষ্টির প্রতিই বর্ষিত হয় আল্লাহর দয়া ও করুণা। আল্লাহর রহমতের বাইরে কেউই নয়।

সূরা ‘আল রহমানে’ ৩১ বার যে আয়াতটি বলা হয়েছে তার অর্থ “হে জিন ও মানুষ তোমাদের প্রভুর কোন দানকে তোমরা করবে অস্বীকার?”

## পবিত্র কুরআনে এরশাদ হচ্ছে:

### সূরা বনী ইসরাইলের ১১০ নং আয়াতে-

“হে নবী! বলো তোমরা তাঁকে ‘আল্লাহ’ বলে ডাকো কিংবা ‘রহমান’ বলে ডাকো তোমরা যে নামেই তাঁকে ডাকো সুন্দরতম নামসমূহ তো তাঁরই”।

### সূরা মরিয়ম এর ৫৮ নং আয়াতে -

“যাদেরকে আমরা হেদায়াত করেছিলাম এবং মনোনীত করেছিলাম, তাদের প্রতি যখন রহমানের আয়াত তেলাওয়াত করা হতো তারা কাঁদতে কাঁদতে সেজদায় লুটিয়ে পড়তো”

### সূরা ফুরকান ৬০ নং আয়াতে-

“কাফেরদের যখন বলা হয় রহমানকে সেজদা কর তখন তারা বলে: রহমান আবার কে? তুমি কাউকে সেজদা করতে বললেই কি আমরা তাকে সেজদা করবো, এরপরে তাদের পালায়নই বৃদ্ধি পায়”

### সূরা ফুসসিলাত ২ নং আয়াতে-

“রহমানুর রহিম এর পক্ষ থেকে নাযিল হয়েছে এই কিতাব আল কোরআন”

### সূরা আয-যুখরুফ ৩৬ নং আয়াতে-

“যে-ব্যক্তি রহমানের জিকির থেকে বিমুখ হয়ে জীবন যাপন করে আমরা তার পেছনে নিয়োগ করে দেই একটা শয়তান, সে হয়ে যায় তার সঙ্গী”

### সূরা আল হাশর ২২ নং আয়াতে-

“তিনিই আল্লাহ তিনি ছাড়া আর কোন ইলাহ নেই। তিনি গায়েব ও দৃশ্যের জ্ঞানী। তিনি পরম করুণাময়, পরম দয়ালবান”

### সূরা আল আশ্বিয়া ৪২ নং আয়াতে

“হে নবী! তাদের জিজ্ঞেস করো: রাতে এবং দিনে রহমানের পাকড়াও থেকে তোমাদের রক্ষা করবে কে? বরং তারা মুখ ফিরিয়ে নিয়েছে তাদের প্রভুর জিকির অর্থাৎ আল-কোরআন থেকে”।

### বুখারী শরীফের হাদিস-

আল্লাহ তাআলা যখন সকল প্রাণী সৃষ্টি করেছেন, তখন তাঁর সিংহাসনের উপর রক্ষিত কিতাবে তিনি লিখে নিজের কাছে রেখেছেন আমার করুণা আমার ক্রোধের উপর অধিকতর প্রভাবশালী।

### মুসলিম শরীফের হাদীস-

যারা মানুষকে দয়া প্রদর্শন করে না তাদেরকে আল্লাহ করুণা বর্ষণ করবেন না।

### মুসলিম শরীফের হাদীস-

রাসূল সা: যখন বলা হয়েছিল পৌত্তলিকদের বিরুদ্ধে বদদোয়া করতে, তিনি বলেছিলেন-  
“আমাকে অভিশাপ দেয়ার জন্য প্রেরণ করা হয়নি, বরং দয়া প্রদর্শনের জন্য প্রেরণ করা হয়েছে।”

যেহেতু আল্লাহ আমাদেরকে করুণা করেন সুতরাং আমাদের উচিত সকল মানুষ ও সৃষ্টি জগতের সমস্ত প্রাণীর উপর দয়া প্রদর্শন করা।

আল্লাহর রহমত থেকে আমাদের কখনোই নিরাশ হওয়া চলবে না, আল্লাহর রহমত সর্বব্যাপ্ত।  
‘আর রহমানের’ সাথে কাউকে শরিক করা জঘন্য অপরাধ। আল্লাহ এই অপরাধ ক্ষমা করবেন না।  
আল্লাহ আমাদেরকে শিরিক মুক্ত হিসেবে জীবনযাপনের তৌফিক দান করুক। আমিন।

আসসালামুআলাইকুম ওয়াহমা তুল্লাহি ওয়াবাবাকাতুহ।